# 276 - ভালোবাসার প্রকারভদে ও বধি-বিধান

প্রশ্ন

আমরা একদল মুসলমি। ইসলামে ভালোবাসার সংজ্ঞা কী তা নয়িে আমাদরে মাঝে কথোপকথন হয়। যদওি আমরা সবাই পুরোপুর জািন যি মেহান আল্লাহকে ভালোবাসা জরুরী এবং তাঁর সাথে তাঁর নবী-রাসূলদরেকওে ভালোবাসা আবশ্যক। কনি্তু আমরা এ প্রশ্ন নয়িে আলোচনা করছলিাম য,ে মানুষরে মধ্যকার ভালোবাসার ক কিোনো সুস্পষ্ট রূপরখো আছে কনিা (যমেন: খ্রষি্টধর্মে ভ্রাতৃসুলভ ভালোবাসা, রোমান্টকি ভালোবাসা নয়)। কউে কউে বলল: ভালোবাসা শুধু পরবিাররে পরসিরইে পাওয়া যতেে পার।ে এর বাইরে কবেল সম্মান ও বন্ধুত্ব ইত্যাদ আিছ।ে কারো কারো প্রশ্ন ছলি যে ভালোবাসা ক শিুধু স্বামী ও সন্তানদরে মাঝইে সীমতি? আবার কারো প্রশ্ন ছলি ভালোবাসা ক শিরতযুক্ত হতে পার?ে কারো মত ছলি 'ভালোবাসা' (প্রচলতি ব্যবহার অনুযায়ী) একট বিদিাত; যা কল্পকাহনিী ও খ্রষি্টীয় দর্শনরে উপর প্রতষি্ঠতি। আমরা অনকেে নানান উৎস থকেে উত্তর খোঁজার চষে্টা করছ,ি কনি্তু এখন পর্যন্ত কোনো অকাট্য উত্তর পাইন।ি আপন কিি আমাদরেকে সাহায্য করতে পারবনে?

প্রয় উিত্তর

আলহামদু লল্লিাহ।.

প্রশ্নকর্ত্রী বোন,

আসসালামু আলাইকুম ওয়া-রাহমাতুল্লাহ ওিয়া-বারাকাতুহু। অতঃপর,

আপন আিপনার বোনদরে সাথে ঈমান ও ইসলামরে বষিয়গুলো নয়িে পরস্পর যে আলোচনা করনে সটে আিমাদরে হৃদয়কে প্রশান্ত করছ।ে তারই ধারাবাহকিতায় আপনারা ভালোবাসা নয়িে আলোচনা করছনে।ে নঃিসন্দহেে আপন ওি আপনার বোনরো জাননে যে মতানকৈ্য দূর করার ক্ষত্রেে আলমেদরে কথা কতটা গুরুত্ববহ এবং শরয়ী বষিয়গুলো বুঝতে হলে তাদরে কথায় ফরিে যাওয়া কতটুকু জরুরী। আমরা এখানে ভালোবাসার প্রকারভদে ও বধি-বিধান প্রসঙ্গে তাদরে বক্তব্য উপস্থাপন করব যাতে ইন শা আল্লাহ আপনাদরে কাছে বষিয়ট সি্পষ্ট হয়ে যায়।

ভালোবাসার প্রকারভদে ও বধি-বিধান:

ভালোবাসাকে বশিষে ভালোবাসা ও যৌথ ভালোবাসায় বভিক্ত করা যায়। বশিষে ভালোবাসাকে আবার শরয়ী ভালোবাসা ও হারাম

ভালোবাসা এ দুই ভাগে ভাগ করা যায়।

শরয়ী ভালোবাসা কয়েক প্রকার:

১- আল্লাহর ভালোবাসা। এর বিধান হলো এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ওয়াজিব কাজগুলোর একটি। কারণ আল্লাহকে ভালোবাসা হলো দ্বীন ইসলামের মূল। এটির পূর্ণতায় ঈমান পূর্ণতা পায়। আর এটি কমে গেলে তাওহীদ হ্রাস পায়। এর প্রমাণ হলো আল্লাহর বাণী:

وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِلَّهِ

“যারা ঈমানদার, আল্লাহর প্রতি তাদের ভালোবাসা আরো বেশি।”[সূরা বাকারা: ১৬৫] তিনি আরো বলেন:

قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ

“বলো, যদি আল্লাহ ও তাঁর রাসূলের চেয়ে এবং আল্লাহর পথে জিহাদের চেয়ে তোমাদের কাছে অধিক প্রিয় হয় তোমাদের পিতারা, তোমাদের সন্তানেরা, তোমাদের ভাইয়েরা, তোমাদের স্ত্রীরা, তোমাদের গোত্রীয় লোকেরা, ধন-সম্পদ যা তোমরা উপার্জন করছো, ব্যবসা-বাণিজ্য যা তোমরা মন্দা হওয়ার আশঙ্কা করো এবং ঘরবাড়ি যা তোমরা পছন্দ করো, তাহলে অপেক্ষা করতে থাকো, যতক্ষণ না আল্লাহ তার বিধান (শাস্তি) নিয়ে আসেন। আল্লাহ ফাসেকদেরকে সঠিক পথ দেখান না।”[সূরা তাওবাহ: ২৪] এছাড়া রয়েছে কুরআন-সুন্নাহর আরো নানান দলীল।

এ ভালোবাসার প্রকাশ ঘটে বান্দার নিজের ভালোবাসা ও চাওয়ার উপর আল্লাহর ভালোবাসা ও চাওয়াকে প্রাধান্য দেওয়ার মাধ্যমে। তখন আল্লাহ যা ভালোবাসে, তা-ই সে ভালোবাসে। আর আল্লাহ যা ঘৃণা করেন, তা-ই সে ঘৃণা করে। আল্লাহর জন্যই সে মিত্রতা ও শত্রুতা করে। আল্লাহর শরীয়ত মেনে চলে। এই ভালোবাসা গড়ে তোলার নানা উপায় রয়েছে।

২- রাসূলের ভালোবাসা। এটিও দ্বীনের অন্যতম ওয়াজিব। বরং ঈমানের পূর্ণতা ততক্ষণ আসবে না যতক্ষণ না ব্যক্তি আল্লাহর রাসূলকে তার জীবনের চেয়ে বেশি ভালোবাসবে। হাদীসে এসেছে: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: “তোমাদের কেউ ততক্ষণ ঈমানদার হবে না, যতক্ষণ না তার কাছে আমি তার সন্তান, পিতা এবং সমস্ত মানুষের চেয়ে প্রিয় না হবো।”[হাদীসটি মুসলিম (৪৪) বর্ণনা করেন] এছাড়া আব্দুল্লাহ ইবনে হিশাম থেকে বর্ণিত হাদীসে রয়েছে: আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম। তিনি উমরের হাত ধরে ছিলেন। উমর রাদিয়াল্লাহু আনহু তাঁকে বললেন, ‘হে আল্লাহ্র রসূল! আমার জান ছাড়া আপনি আমার কাছে সব কিছু চেয়ে অধিক প্রিয়।’ তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “না, যাঁর হাতে আমার প্রাণ ঐ সত্তার কসম! তোমার কাছে আমি যেন তোমার প্রাণের চেয়েও প্রিয় হই।” তখন উমর তাকে বললেন, ‘আল্লাহর কসম! এখন আপনি আমার কাছে আমার প্রাণের চেয়েও বেশি প্রিয়।’ নবী

সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললনে: "হে উমর! এখন (তুমি সত্যকিার ঈমানদার হলে)।"[হাদীসটি বুখারী (৬৬৩২) বর্ণনা করনে] এই ভালোবাসা আল্লাহর ভালোবাসার অনুগামী। এটি প্রকাশ পায় তার অনুসরণ করা ও তার কথাকে অন্যরে কথার উপর প্রাধান্য দওেয়ার মাধ্যমে।

৩- নবীগণ ও ঈমানদারদরেকে ভালোবাসা। এটি ওয়াজবি। কারণ আল্লাহ তাআলাকে ভালোবাসলে আল্লাহর অনুগত বান্দাদরে ভালোবাসা আবশ্যক হয়ে পড়ে। আর তারা হলনে নবীরা ও নকেকার বান্দারা। এর প্রমাণ হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামরে বাণী: "যে ব্যক্তি আল্লাহর জন্য ভালোবাসে" অর্থাৎ ঈমানদার ও আল্লাহর অনুগত বান্দাদরেকে ঈমান ও আনুগত্যরে জন্য ভালোবাসে। ব্যক্তরি নামায-রোযা অনকে বশেি হলওে কবেল এর মাধ্যমইে ঈমান পূর্ণতা পাবে । উমর ইবনুল খাত্তাব রাদয়িাল্লাহু আনহু বলনে: 'আল্লাহর রাসূলরে যমানায় আমরা এমন অবস্থায় ছলিাম যে আমাদরে কউে অপর মুসলমি ভাইয়রে চয়েে নজিকেে নজিরে দীনার-দরিহামরে অগ্রাধকিারী মনে করত না।'

হারাম ভালোবাসা:

এর মাঝে কোনো কোনো ভালোবাসা শর্কি। যমেন: আপনি যদি আল্লাহ ছাড়া অন্য কছিুকে আল্লাহ তাআলার মতো করে ভালোবাসনে। তাহলে আপনি তাঁর সমকক্ষ গ্রহণ করলনে। এটি ভালোবাসার শর্কি। পৃথবিীবাসীর অধকিাংশই ভালোবাসা ও সম্মানরে ক্ষত্রেে আল্লাহর সমকক্ষ গ্রহণ করছে।

এর মাঝে কোনো ভালোবাসা শর্কিরে নচিে; তবে হারাম। আর তা হলো ব্যক্তি তার পরবিার, সম্পদ, গোত্র, ব্যবসা ও ঘরবাড়ি এই সব কছিুকে বা এর কছিু বষিয়কে আল্লাহর আবশ্যক করা কাজরে উপর প্রাধান্য দওেয়া; যমেন: হজিরত, জহিাদ ইত্যাদরি ওপর। এর প্রমাণ আল্লাহর বাণী: "বলো, যদি আল্লাহ ও তাঁর রাসূলরে চয়েে এবং আল্লাহর পথে জহিাদরে চয়েে তোমাদরে কাছে অধকি প্রয়ি হয় তোমাদরে পতিারা, তোমাদরে সন্তানরো, তোমাদরে ভাইয়রো, তোমাদরে স্ত্রীরা, তোমাদরে গোত্রীয় লোকরো, ধন-সম্পদ যা তোমরা উপার্জন করছো, ব্যবসা-বাণজ্যি যা তোমরা মন্দা হওয়ার আশঙ্কা করো এবং ঘরবাড়ি যা তোমরা পছন্দ করো, তাহলে অপক্ষো করতে থাকো, যতক্ষণ না আল্লাহ তার বধিান (শাস্তি) নয়িে আসনে।"[সূরা তাওবা, আয়াত: ২৪]

উপরে বশিষে ভালোবাসার নানা প্রকার উল্লখে করা হলো।

আর যৌথ ভালোবাসা তনি প্রকার:

এক: প্রাকৃতকি। যমেন: ক্ষুধার্ত ব্যক্তরি খাবাররে প্রতি এবং পপিাসার্তরে পানরি প্রতি ভালোবাসা। এটি সম্মান করাকে আবশ্যক করে না। এ ধরনরে ভালোবাসা মুবাহ তথা বধৈ।

দুই: অনুগ্রহ ও মমতার ভালোবাসা। যমেন: শশিু সন্তানরে প্রতি পতিার ভালোবাসা। এটওি সম্মান করাকে অবধারতি করে

না। এ ধরনরে ভালোবাসায় সমস্যা নইে।

তনি: ঘনষ্ঠিতা ও বন্ধুত্বরে ভালোবাসা। যমেন: একই পশো, জ্ঞান, সঙ্গ, ব্যবসা বা সফররে সাথী হওয়ার কারণে পারস্পরকি ভালোবাসা। এই ভালোবাসাগুলো, যা মানুষরে জন্য প্রযোজ্য, অনুরূপভাবে ভাইদরে পারস্পরকি ভালোবাসা এবং তাদরে মধ্যকার বদ্যিমান এই ভালোবাসা আল্লাহর ভালোবাসায় শরি্ক নয়।

এই বষিয়টরি অন্যতম উৎস হলো: তাইসীরুল আযীযলি হামীদ গ্রন্থরে ‘ومن الناس من يتخذ من دون الله أنداداً ’ পরচি্ছদে।

আশা করি আমাদরে প্রদত্ত এই প্রকরণ ও ব্যাখ্যা প্রদানরে মাধ্যমে বষিয়টি আপনাদরে কাছে স্পষ্ট হয়ছে। আল্লাহ তাআলার কাছে প্রার্থনা করি, তনি যিনে আমাদরেকে এবং আপনাদরেকে সমস্ত কল্যাণরে তৌফকি দান করনে। আল্লাহ দরূদ বর্ষণ করুন আমাদরে নবী মুহাম্মাদরে উপর।